



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা চট্টগ্রাম। (প্রেস বিজ্ঞপ্তি)

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম- ১৯ জুন ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে আন্দরকিল্লা এলাকায় অবৈধভাবে ফুটপাথ দখল করে দোকান বসানোর অপরাধে ফলের দোকানের মো. হোসেনকে ৫ হাজার টাকা, ফুটপাথের উপর অবৈধ ভাবে দোকানের ফ্রিজ রেখে পথচারী চলাচলে বাধা সৃষ্টির দায়ে বকশির বিট এলাকার ফুলকলির মালিককে ৫ হাজার টাকা ও ডায়মন্ড সুইটকে ৫ হাজার টাকাসহ মোট ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারি ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন